

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৫০
খোয়াই, ০৪ মার্চ, ২০২৪

খোয়াই মেগা লিগ্যাল সার্ভিস শিবির

খোয়াই জেলা লিগ্যাল সার্ভিস অথরিটির উদ্যোগে সম্প্রতি খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে মেগা লিগ্যাল সার্ভিস শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করেন জেলা ও দায়রা জজ শঙ্করী দাস। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, প্রশাসনের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার পাশাপাশি মানুষকে আইনী বিষয়ে সচেতন হতে হবে। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহকুমা লিগ্যাল সার্ভিস কমিটির চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য, এডভোকেট ননী গোপাল দেবনাথ, এডভোকেট সুজিত নাথ শর্মা, এডভোকেট অভিজিৎ ভট্টাচার্য, মহকুমা পুলিশ আধিকারিক পোষণ কান্তি মজুমদার, মহকুমা লিগ্যাল সার্ভিস কমিটির সেক্রেটারি রীনা দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন জেলা লিগ্যাল সার্ভিস অথরিটির সেক্রেটারি জে. দেববর্মা। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১২টি পিআরটিসি, ২৮টি এসটি, ১টি এসসি, ১টি ওবিসি এবং ৫টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। বন দপ্তরের পক্ষ থেকে ৫৬টি আগর গাছের চারা বিতরণ করা হয়। মৎস্য দপ্তরের পক্ষ থেকে ১৪ জন সুবিধাভোগীকে মৎস্য খাদ্য সহ বিভিন্ন ঔষধ প্রদান করা হয়। শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ১০ জন সুবিধাভোগীকে পুষ্টি কিট প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১২০ জন সুবিধাভোগীর কাছ থেকে প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার জন্য আবেদন গ্রহণ করা হয়। শিবিরে বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে মোট ২৪টি স্টল খোলা হয়েছিল।
